গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা
www.mopa.gov.bd

৩০ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ

স্মারক নং- ০৫.২০১.০২৫.০০.০০.০০৩.২০১২-৫০৪ তারিখঃ ------------------------

১৫ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

বি.সি.এস. প্রশাসন একাডেমি এবং নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশ এর যৌথ উদ্যোগে পরিচালিত বি.সি.এস. প্রশাসন একাডেমিতে ১২ মাস মেয়াদে সান্ধ্যকালীন Masters in Public Policy and Management (MPPM) কোর্সে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের জন্য শর্তাবলি নিম্নরূপঃ

(১) এম.পি.পি.এম. কোর্সের মিডটার্ম ও ফাইনাল পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য উপস্থিতির হার প্রতি মডিউলে কমপক্ষে শতকরা ৮০ ভাগ থাকতে হবে। অন্যথায় মিডটার্ম ও ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া যাবে না।

(২) কোর্স পরিচালকের পূর্বানুমতি ব্যতিরেকে প্রতি ০১(এক) দিন বিলম্বে উপস্থিতির জন্য সংশ্লিষ্ট মডিউলে প্রাপ্ত নম্বর হতে ২(দুই) নম্বর কর্তন করতে হবে। তবে, অধিবেশন শুরুর নির্ধারিত সময় থেকে পরবর্তী ০৫ (পাঁচ) মিনিট পর্যন্ত Grace time বিবেচনা করা হবে। উক্ত সময়ের পরে যদি কোন অংশগ্রহণকারী কর্মকর্তা অধিবেশনে অংশগ্রহণ করেন তাহলে ঐ অধিবেশনে তিনি অনুপস্থিত রয়েছেন বলে গণ্য করা হবে।

(৩) এম.পি.পি.এম. কোর্সের পরীক্ষায় কোন ধরনের নকল/ কথা বলা/ অথবা অন্য কোন উপায়ে অসদুপায় অবলম্বন করা যাবে না। এ ধরণের কার্যক্রম প্রমাণিত হলে কোর্স থেকে বহিস্কার করা হবে।

(৪) এম.পি.পি.এম. কোর্সের পরীক্ষা/সেমিনার পেপার/গবেষণাপত্রসহ যেকোন এসাইনমেন্টে কোন ধরণের অসদুপায় অবলম্বন এবং কোর্সের কোন এসাইনমেন্ট/সেমিনার পেপার/গবেষণাপত্রসহ যে কোন প্রতিবেদনে অন্য কোন ডকুমেন্ট হুবহু ব্যবহার করা যাবে না। কোর্স এসাইনমেন্ট/সেমিনার পেপার/গবেষণাপত্রসহ যেকোন প্রতিবেদনে এ ধরণের অসদুপায় অবলম্বন করার বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে দ্বিতীয়বার সুযোগ প্রদান করা যাবে। দ্বিতীয়বারও অসদুপায় অবলম্বন করার বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে কোর্স হতে অব্যাহতি প্রদান করা হবে। এক্ষেত্রে বি.সি.এস. প্রশাসন একাডেমির রেক্টর এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(৫) কোর্স চলাকালীন সাধারণত: কোন ধরণের ছুটি মঞ্জুর করা হবে না। তবে শারীরিক অসুস্থতা বা অন্য কোন যৌক্তিক কারণে একাডেমির রেক্টর সর্বোচ্চ তিন দিন(ক্লাশ দিবস), কোর্স পরিচালক এক দিন ছুটি মঞ্জুর করতে পারবেন। তবে তিন দিনের অধিক ছুটি মঞ্জুরের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন হবে।

(৬) এম.পি.পি.এম. কোর্সে অংশগ্রহণকারীদের বিদেশ ভ্রমণের জন্য বহি: বাংলাদেশ ছুটিসহ অন্য কোন কারণে অর্জিত ছুটি মঞ্জুর করা হবে না।

(৭) এম.পি.পি.এম. কোর্সে যদি কোন অংশগ্রহণকারী কর্মকর্তা কোন কারণে কোন মডিউলের মিডটার্ম পরীক্ষা/ চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ না করেন, অথবা কোন এসাইনমেন্ট যথাসময়ে জমা না দেন, তাহলে সংশ্লিষ্ট পরীক্ষাটি পরবর্তীতে আর নেওয়ার সুযোগ থাকবে না এবং এসাইনমেন্টও পরবর্তীতে গ্রহণ করা যাবে না। তবে বিশেষ পরিস্থিতিতে (যেমন: ছোঁয়াচে রোগে আক্রান্ত হওয়া, অথবা এমন কোন রোগে আক্রান্ত হওয়া যার ফলে হাসপাতালে ভর্তি হতে হবে অথবা সর্বদা ডাক্তারের নিবিড় পর্যবেক্ষণে থাকা জরুরি) পরবর্তীতে সংশ্লিষ্ট মডিউলের পরীক্ষা ও এসাইনমেন্ট গ্রহণ করতে হবে। এক্ষেত্রে বি.সি.এস. প্রশাসন একাডেমির রেক্টর এর সিদ্ধান্তই চূড়ান্ত।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৫.১০.২০১৫

(শাহে এলিদ মাইনুল আমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫৬৮৫২
sasit2@mopa.gov.bd

D:\2010\Letter general A4.doc

৩০ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ

স্মারক নং- ০৫.২০১.০২৫.০০.০০.০০৩.২০১২-৫০৪ তারিখঃ -------------------------

১৫ অক্টোবর ২০১৫ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৩। সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

৪। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

৫। সিনিয়র সচিব/সচিব,.................................................................................মন্ত্রণালয়/বিভাগ।

৬। রেক্টর, বি.সি.এস. প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা

৭। অতিরিক্ত সচিব(সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

৮। যুগ্মসচিব (প্রশিক্ষণ) জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা(সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১। সিনিয়র সিস্টেমস এনালিষ্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।

১২। অফিস কপি।

১৫.১০.২০১৫

(শাহে এলিদ মাইনুল আমিন)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা
**www.mopa.gov.bd**

২৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ
স্মারক নং-০৫.২০১.০২৫.০০.০০.০০৩.২০১২-২১৫ তারিখঃ -----------------------
১২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

**বিষয়: বিসিএস প্রশাসন একাডেমিতে ১২(বার) মাস মেয়াদে সান্ধ্যকালীন ৫ম "Masters in Public Policy and Management (MPPM)" কোর্সে প্রশিক্ষণার্থীর দরখাস্ত আহবান।**

বি.সি.এস. প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকায় আগামী ০১ জুলাই, ২০১৬ হতে ২৯ জুন, ২০১৭ তারিখ পর্যন্ত ১২(বার) মাস মেয়াদে সান্ধ্যকালীন ৫ম **"Masters in Public Policy and Management (MPPM)"** কোর্স অনুষ্ঠিত হবে। উক্ত কোর্সে "বিসিএস প্রশাসন ক্যাডারের যে কোন পর্যায়ের এবং অন্যান্য ক্যাডারের উপসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের" নিম্নোক্ত যোগ্যতাসম্পন্ন কর্মকর্তাগণকে সংযুক্ত ছক মোতাবেক আগামী ২০ জুন, ২০১৬ তারিখের মধ্যে দরখাস্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে (দৃষ্টি আকর্ষ: সিনিয়র সহকারী সচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা, কক্ষ নং-১৭, ভবন নং-০১, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

শর্তাবলি:

(ক) যে সকল কর্মকর্তা ঢাকায় কর্মরত এবং যাদের চাকুরিকাল ন্যূনতম ১০(দশ) বৎসর পূর্ণ হয়েছে ও যাদের চাকুরির মেয়াদ ০৪(চার) বছর রয়েছে;
(খ) চাকুরিতে প্রবেশের পূর্বে বা পরে মাস্টার্স করেননি তাদের অগ্রাধিকার দেয়া হবে;
(গ) একাধিক মাস্টার্স ডিগ্রী রয়েছে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

২। বিবেচ্য প্রশিক্ষণকালে যদি কোন কর্মকর্তা অন্য কোন প্রশিক্ষণে প্রশিক্ষণরত থাকেন, তা সংযুক্ত ছকের মন্তব্য কলামে সুনির্দিষ্টভাবে উল্লেখ করার জন্য অনুরোধ করা হল।

৩। উল্লেখ্য যে, কর্মকর্তাদের তালিকা পাওয়ার পর কোর্সে অংশগ্রহণের জন্য এ মন্ত্রণালয় থেকে চূড়ান্ত মনোনয়ন আদেশ জারি করা হবে।

সংযুক্তিঃ ০১(এক) ফর্দ।

১২.০৬.১৬

(শাহে এলিদ মাইনুল আমিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫৬৮৫২
it2@mopa.gov.bd

প্রাপক

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব............................................................মন্ত্রণালয়/বিভাগ।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ।
৫। জেলা প্রশাসক, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি (জ্যেষ্ঠতা অনুসারে নয়):**

১। রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশিক্ষণ), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশিক্ষণ/ক্যারিয়ার প্ল্যানিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৬। অফিস কপি/মাস্টার কপি।

D:\2010\Requisition for trainee.doc

## ৫ম "Masters in Public Policy and Management (MPPM)" কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন।

| | | | |
|---|---|---|---|
| ১. | নাম ও পরিচিতি নম্বর | : | |
| ২. | ব্যাচ নং ও ক্যাডারের নাম | : | |
| ৩. | পদবি ও বর্তমান কর্মস্থল | : | |
| ৪. | জন্ম তারিখ | : | |
| ৫. | ২০ জুন, ২০১৬ তারিখে সিভিল সার্ভিসে চাকুরির মেয়াদকাল | : | |
| ৬. | সর্ব শেষ মাস্টার্স ডিগ্রী অর্জনের তারিখ | : | |
| ৭. | মোবাইল নম্বর | : | |
| ৮. | দাপ্তরিক ফোন নম্বর | : | |
| | ই-মেইল | : | |

আবেদনকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল

আবেদনকারী কর্মকর্তাকে উল্লিখিত কোর্সে
মনোনয়ন দানের সুপারিশ করা হলো।
নিয়ন্ত্রণকারী কর্মকর্তার স্বাক্ষর ও সীল (অফিস প্রধান)

D:\2010\Requisition for trainee.doc